

পশ্চিম বঙ্গ সামাজিক নিরীক্ষা বিভাগ
জেলা সামাজিক নিরীক্ষা দপ্তর, জেলা সমাহর্তার করণ, পশ্চিম বর্ধমান

বিজ্ঞপ্তি নং: ০২২

তারিখ: ০৯/০৯/২০১৮

গ্রাম সম্পদ কর্মী নিযুক্তিকরণ সংক্রান্ত বিজ্ঞপ্তি

রাজ্য সামাজিক নিরীক্ষা দপ্তর-এর পত্রাংক নং ১১৮৬(৪০)-এস এ ইউ/৩/৩ এস-১৪/২০১৫ তাং ১১/০৫/২০১৭ এর নির্দেশ অনুসারে আগামী জানুয়ারী- মার্চ এর অর্ন্তবর্তী সময়ে পশ্চিম বর্ধমান জেলার বারাবনি ব্লকের সমস্ত গ্রাম পঞ্চায়েতে মহাত্মা গান্ধী জাতীয় গ্রামীণ কর্ম সুনিশ্চিতকরণ প্রকল্প, প্রধান মন্ত্রী আবাস যোজনা এবং জাতীয় সামাজিক সহায়তা কর্মসূচী প্রকল্পের ২০১৭-১৮ আর্থিক বর্ষের দ্বিতীয় পর্যায়ের সামাজিক নিরীক্ষার জন্য দৈনিক মজুরি ভিত্তিক এবং অস্থায়ীভাবে **গ্রাম সম্পদ কর্মী** (Village Resource Person) নিযুক্ত করা হবে।

উক্ত কাজের জন্য উপরোক্ত ব্লক এলাকায় বসবাসকারী নিম্নলিখিত যোগ্যতামান সম্পন্ন এবং বাড়ি বাড়ি ঘুরে কাজ করতে ইচ্ছুক প্রার্থীদের সংশ্লিষ্ট সমষ্টি উন্নয়ন আধিকারিকের কার্যালয়ে আগামী ১০/০৯/২০১৮ থেকে ১৭/০৯/২০১৮ তারিখে সকাল ১১ টা থেকে বিকাল ৪ টা পর্যন্ত (সরকারী ছুটির দিন ব্যতীত) মুখবন্ধ খামে (উপরে প্রার্থীর নাম ও গ্রাম পঞ্চায়েতের নাম সহ) নিম্নে সংযোজিত নির্দিষ্ট ফর্মে আবেদন পত্র **ড্রপ বক্সে** জমা করার জন্য আহ্বান করা হচ্ছে। যোগ্য প্রার্থীদের নামের তালিকা সহ পরীক্ষার সময় ও স্থান জেলার ওয়েবসাইটে (www.bardhaman.gov.in / www.bardhaman.nic.in) এবং সংশ্লিষ্ট সমষ্টি উন্নয়ন আধিকারিকের (বি.ডি.ও) কার্যালয়ের নোটিশ বোর্ডে প্রকাশ করা হবে।

যোগ্যতামান:-

- ১) বয়স ১৮-বৎসরের উর্ধ্বে হতে হবে, (৩১/১২/২০১৭ অনুযায়ী)
- ২) নূন্যতম দশম শ্রেণী উত্তীর্ণ হতে হবে।
- ৩) আবেদনকারী জব কার্ডে কাজ করে থাকলে অগ্রাধিকার পাবেন।
- ৪) মহিলা এবং স্বনির্ভর গোষ্ঠীর সাথে যুক্ত থাকলে অগ্রাধিকার দেওয়া হবে।
- ৫) পূর্বে সামাজিক নিরীক্ষার কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার দেওয়া হবে।
- ৬) আবেদনকারী কোনভাবেই গ্রাম পঞ্চায়েতের নির্বাচিত সদস্য, কর্মী ও সুপারভাইজার হবেন না এবং উপরোক্ত তিনটি প্রকল্প রূপায়নের সাথে কোনভাবেই যুক্ত হওয়া চলবে না। যুক্ত থাকলে আবেদন পত্র বাতিল বলে গন্য হবে।
- ৭) সরকারী বা বেসরকারী ক্ষেত্রে কোনো কাজে স্থায়ী বা অস্থায়ী ভাবে যুক্ত হলে আবেদন পত্র গ্রাহ্য হবে না।

বিঃ দ্রঃ :- এই নিযুক্তিকরণ সম্পূর্ণরূপে অস্থায়ী এবং দৈনিক মজুরী ভিত্তিক। এই দৈনিক মজুরী ভিত্তিক কাজের ক্ষেত্রে কোনোরূপ মাসিক ভাতা বা স্থায়ীকরণের দাবী গ্রাহ্য হবে না। বর্তমানে মহাত্মা গান্ধী জাতীয় গ্রামীণ কর্ম সুনিশ্চিতকরণ প্রকল্পের অধীন দক্ষ শ্রমিকের দৈনিক মজুরীর সমান অর্থ (দিনপ্রতি ৩৬০ টাকা) সর্বাধিক ১৫ দিনের জন্য প্রদান করা হবে। আবেদনকারীকে শিক্ষাগত যোগ্যতা, কাজের অভিজ্ঞতা, ব্যক্তিগত শারীরিক সামর্থ্য, মৌখিক পরীক্ষা ও প্রয়োজনে লিখিত পরীক্ষার মাধ্যমে প্রার্থী বাছাই করা হবে।

আবেদন পত্রের সহিত নিম্নলিখিত গুলির স্ব-প্রত্যয়িত নকল দিতে হবে :-

- ১) জন্ম তারিখের শংসাপত্র।
- ২) ভোটার কার্ড/স্থায়ী ঠিকানার প্রমানপত্র।
- ৩) শিক্ষাগত যোগ্যতার মার্কশীট ও শংসাপত্র।
- ৪) তপশিলী জাতি / উপজাতি শংসাপত্র (প্রযোজ্য হলে)।
- ৫) অভিজ্ঞতার শংসাপত্র।
- ৬) জব কার্ড।
- ৭) স্বনির্ভর গোষ্ঠীর সাথে আছেন তার প্রমানপত্র।

আবেদন পত্র জমা দেওয়ার ঠিকানা :- (ড্রপ বক্সে)

সংশ্লিষ্ট সমষ্টি উন্নয়ন আধিকারিকের কার্যালয়ে (বি.ডি.ও অফিস)
বারাবনি

যেকোন রকম সহায়তার জন্য যোগাযোগ করুন:-

জেলা সামাজিক নিরীক্ষা দপ্তর

জেলা পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগ, পঃ বঃ সরকার, পশ্চিম বর্ধমান জেলা

অবেদনানুসারে-

অতিরিক্ত জেলা শাসক
সামাজিক নিরীক্ষা, পশ্চিম বর্ধমান

সামাজিক নিরীক্ষার কাজে গ্রানসম্পদ কর্মী নিযুক্তিকরণ-এর আবেদন পত্র

প্রতি,

জেলা নোডাল আধিকারিক (সামাজিক নিরীক্ষা),
জেলা সামাজিক নিরীক্ষা দপ্তর, পশ্চিম বর্ধমান।

মহাশয়,

আমি মহাত্মা গান্ধী জাতীয় গ্রামীণ কর্ম সুনিশ্চিতকরণ প্রকল্প, প্রধান মন্ত্রী আবাস যোজনা এবং জাতীয় সামাজিক সহায়তা কর্মসূচী প্রকল্পের সামাজিক নিরীক্ষার কাজে আংশিক সময়ের জন্য গ্রাম সম্পদ কর্মী হিসাবে নিযুক্ত হওয়ার জন্য আবেদন জানাচ্ছি। আমার জীবনপঞ্জী নিম্নে দেওয়া হল :

১) প্রার্থীর নাম ইংরেজীতে (মাধ্যমিক শংসাপত্র অনুযায়ী) : -

নাম (বাংলায়) : -

২) পিতা /স্বামীর নাম :

৩) জন্ম তারিখ :

৪) লিঙ্গ (পাশে চিহ্ন দিন): পুং / স্ত্রী

৫) জাতি : সাধারণ () / তপশিলী জাতি () / তপশিলী উপজাতি () / অন্যান্য ()

৬) বর্তমান পেশা :

৭) স্থায়ী ঠিকানা : গ্রাম :

গ্রামপঞ্চায়েত :

ব্লক :

জেলা :

পিন কোড :-

মোবাইল নং :-

৮) শিক্ষাগত যোগ্যতা : -

পরীক্ষা	বোর্ড	মোট প্রাপ্ত নম্বর	শতাংশ	সাল

৯) কাজের অভিজ্ঞতা : -

ক্রমিক নং	সংস্থার নাম	যে ধরনের কাজে যুক্ত ছিলেন তার প্রকৃতি	কতদিন উক্ত কাজে নিযুক্ত ছিলেন /আছেন

১০) অতিরিক্ত তথ্য : -

উপরোক্ত সমস্ত প্রদত্ত তথ্যবলী আমার জ্ঞান ও বিশ্বাসমতে সত্য। অন্যথায় আমার আবেদন পত্র বাতিল বলে গণ্য হবে।

প্রার্থীর নাম, সহি ও তারিখ